

৫০১১৯



বাংলাদেশ ব্যাংক  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

২১ পৌষ, ১৪৩১

তারিখ: -----

০৫ জানুয়ারী, ২০২৫

ডিএমডি সার্কুলার লেটার নং-০১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক  
(শরীয়াহ্ ভিত্তিক পরিচালিত ব্যাংক ব্যতীত)

প্রিয় মহোদয়,

জাতীয় সঞ্চয় স্কীম-এর নীতিমালা সংশোধন প্রসঙ্গে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ০৩ নভেম্বর, ২০২৪ তারিখের ০৮.০০.০০০০.০৪১.২২.০০৭.২০.৩৫ নম্বর প্রজ্ঞাপনের বিষয়ে এ বিভাগ কর্তৃক জারীকৃত ০৬ নভেম্বর, ২০২৪ তারিখের ডিএমডি সার্কুলার লেটার নং-১৩/২০২৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লিখিত প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক জারীকৃত ২২ ডিসেম্বর, ২০২৪ তারিখের ০৮.০০.০০০০.০৪১.২২.০০৪.২০.১৫৯ নম্বর প্রজ্ঞাপনটি আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

(তাহমিদা জামান)

পরিচালক (ডিএমডি) (চলতি দায়িত্বে)

ফোন: ৯৫৩০৬১৭

DG-4 (1185)  
26.12.24

নির্বাহী পরিচালক- ২৪

১৩.১২.২৪

ED-1/3  
১৩/১২/২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
সঞ্চয় শাখা  
www.ird.gov.bd

গভর্নর অফিস, বাংলাদেশ ব্যাংক	
ডায়েরি নং-২৪৭১২	তারিখ: ২৩/১২/২৪
ডেপুটি গভর্নর-১	<input type="checkbox"/> জরুরি
ডেপুটি গভর্নর-২	<input type="checkbox"/> দ্রুত ব্যবস্থা দিন
ডেপুটি গভর্নর-৩	<input type="checkbox"/> দ্রুত আলোচনা করুন
ডেপুটি গভর্নর-৪	<input type="checkbox"/> পরীক্ষাপূর্বক উপস্থাপন করুন
হেড অব বিএফআইইউ	<input type="checkbox"/> প্রয়োজনীয় ব্যবস্থা দিন
নির্বাহী পরিচালক-	<input type="checkbox"/> উপস্থাপন করুন
পরিচালক-	স্বাক্ষর:

৭ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ

তারিখ: ২২ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ০৮.০০.০০০০.০৪১.২২.০০৪.২০.১৫৯

### প্রজ্ঞাপন

'জাতীয় সঞ্চয় ফ্রিম' এর আওতায় 'সঞ্চয়পত্রে প্রাতিষ্ঠানিক বিনিয়োগ বা পুনঃবিনিয়োগ' বিষয়ে 'Sanchayapatra Rules, 1977' অথবা বর্তমানে বলবৎ অন্য কোন আইন, বিধিমালা, নীতিমালা ইত্যাদিতে ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন, উক্ত 'Sanchayapatra Rules, 1977' এর আওতায় সঞ্চয়পত্রে প্রাতিষ্ঠানিক বিনিয়োগের ক্ষেত্রে পুনঃবিনিয়োগ সুবিধা প্রাপ্য হইবে না।

০২। আন্তর্জাতিক সমুদ্রগামী জাহাজে চাকুরীরত বাংলাদেশী মেরিনার বা এয়ার ওয়েজ কোম্পানীতে চাকুরীরত বাংলাদেশী পাইলট ও কেবিন ক্রুগণের নিজ নামে বাংলাদেশে কোন তফসিলি ব্যাংকের অথোরাইজড ডিলার (এডি) শাখায় বৈদেশিক মুদ্রা (এফসি) হিসাব থাকিলে, উক্ত এফসি একাউন্টে প্রাপ্ত রেমিট্যান্স দ্বারা 'ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড' এ বিনিয়োগ করার সুযোগ পাইবে।

০৩। ০৩ নভেম্বর ২০২৪ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনের ০৩নং ক্রমিকে বর্ণিত অংশটি এ প্রজ্ঞাপনের ০২ নং অনুচ্ছেদ দ্বারা প্রতিস্থাপন করা হইল।

০৪। জনস্বার্থে জারিকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।



রাষ্ট্রপতির আদেশক্রমে,

২২-১২-২০২৪

মকিমা বেগম

উপসচিব

mokima.begum@ird.gov.bd

নম্বর: ০৮.০০.০০০০.০৪১.২২.০০৪.২০.১৫৯/১ (১৫)

৭ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ

তারিখ: ২২ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধান উপদেষ্টার মুখ্যসচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।
- ২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
- ৮। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
- ৯। জাতীয় কর্মসূচি পরিচালক (অতিরিক্ত সচিব), স্ট্রেনদেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবল সার্ভিস ডেলিভারি (SPFMS), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। পরিচালক, ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

১১। সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।

১২। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা {তাকে পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক উক্ত গেজেটের ১০০০ (এক হাজার) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হইল}।

১৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।

১৪। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

১৫। যুগ্মসচিব (সঞ্চয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।



২২-১২-২০২৪

মকিমা বেগম

উপসচিব